আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: **"পবিত্র কোরআনে বর্ণিত হযরত নূহ (আ:) এর দোয়াসমূহ"**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: **সূরা হুদ ১১:৪৫ থেকে ৪৭**

১. হে আমার প্রভু! তুমি যদি আমাকে ক্ষমা না কর এবং আমার প্রতি রহম না করো, তবে তো আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে পরবো।

وَنَادٰى نُوْحٌ رَّبَّهٗ فَقَالَ رَبِّ اِنَّ ابْنِىْ مِنْ اَهْلِىْ وَاِنَّ وَعْدَكَ الْحَقُّ وَ
اَنْتَ اَحْكَمُ الْحٰكِمِيْنَ ﴿٤٥﴾

নূহ তাহার প্রতিপালককে সম্বোধন করিয়া বলিল, 'হে আমার প্রতিপালক ! আমার পুত্র আমার পরিবারভুক্ত এবং তোমার প্রতিশ্রুতি সত্য; আর আপনি তো বিচারকদের মধ্যে শ্রেষ্ঠ বিচারক। (সূরা হুদ ১১:৪৫)

قَالَ يٰنُوْحُ اِنَّهٗ لَيْسَ مِنْ اَهْلِكَ ۚ اِنَّهٗ عَمَلٌ غَيْرُ صَالِحٍ ۖ فَلَا تَسْـَٔلْنِ
مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ ۭ اِنِّىْٓ اَعِظُكَ اَنْ تَكُوْنَ مِنَ الْجٰهِلِيْنَ ﴿٤٦﴾

তিনি বললেন, হে নূহ ! সে তো তোমার পরিবারভুক্ত নয়। সে অবশ্যই অসৎকর্মপরায়ণ। সুতরাং যে বিষয়ে তোমার জ্ঞান নাই সে বিষয়ে আমাকে অনুরোধ করিও না। আমি তোমাকে উপদেশ দিতেছি, তুমি যেন অজ্ঞদের অন্তর্ভুক্ত না হও। (সূরা হুদ ১১:৪৬)

قَالَ رَبِّ إِنِّي أَعُوذُ بِكَ أَنْ أَسْأَلَكَ مَا لَيْسَ لِي بِهِ عِلْمٌ ۖ وَإِلَّا تَغْفِرْ
لِي وَتَرْحَمْنِي أَكُن مِّنَ الْخَاسِرِينَ ﴿٤٧﴾

সে বলিল, হে আমার প্রতিপালক! যে বিষয়ে আমার জ্ঞান নাই, সে বিষয়ে যাহাতে আপনাকে অনুরোধ না করি, এই জন্য আমি আপনার শরণ লইতেছি। আপনি যদি আমাকে ক্ষমা না করেন এবং আমাকে দয়া না করেন, তবে আমি ক্ষতিগ্রস্থদের অন্তর্ভুক্ত হব। (সূরা হুদ ১১:৪৭)

<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u> **<u>সূরা আল-মুমিনুন ২৩:২৬ এবং ২৯</u>**

২. আমার প্রভু ! আমাকে অবতরণ করো বরকতময় অবতরনের স্থানে, তুমি তো অবতরণের জন্য সর্বোত্তম স্থানদানকারী।

قَالَ رَبِّ انصُرْنِي بِمَا كَذَّبُونِ ﴿٢٦﴾

নূহ বলিয়াছিল, হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য কর, কারণ উহারা আমাকে মিথ্যাবাদী বলিতেছে। (সূরা আল-মুমিনুন ২৩:২৬)

وَقُل رَّبِّ أَنزِلْنِي مُنزَلًا مُّبَارَكًا وَأَنتَ خَيْرُ الْمُنزِلِينَ ﴿٢٩﴾

আরও বলিও, 'হে আমার প্রতিপালক! আমাকে এমনভাবে অবতরণ করেন যাহা হইবে কল্যানকর; আর তুমি শ্রেষ্ঠ অবতরণকারী।' (সূরা আল-মুমিনুন ২৩:২৯)

<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u> <u>সূরা আশ-শুয়ারা ২৬:১১৬ থেকে ১১৮</u>

৩. হে প্রভু, তুমি আমার ও তাদের (কওমদের) মাঝে একটা চূড়ান্ত ফায়সালা করে দাও এবং নাজাত দাও আমাকে ও আমার সাথী মুমিনদের।

উহারা বলিল, হে নূহ ! তুমি যদি নিবৃত্ত না হয় তবে তুমি অবশ্যই প্রস্তরাঘাতে নিহতদের শামিল হইবে, (সূরা আশ-শুয়ারা ২৬:১১৬)

নূহ বলিল, হে আমার প্রতিপালক! আমার সম্প্রদায়ই তো আমাকে অস্বীকার করেছে।
(সূরা আশ-শুয়ারা ২৬:১১৭)

সুতরাং তুমি আমার ও উহাদের মধ্যে স্পষ্ট মীমাংসা করিয়া দাও এবং আমাকে ও আমার সঙ্গে যেসব মুমিন আছে, তাহাদের রক্ষা করো। (সূরা আশ-শুয়ারা ২৬:১১৮)

Click here http://www.morningbrightness.fi/

<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u> <u>সূরা আল-ক্বামার ৫৪:৯ থেকে ১১</u>

৪. নূহ তার প্রভুর কাছে দোয়া করে বলেছিল, আমি পরাস্থ হয়েছি, আমাকে সাহায্য কর।

كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوحٍ فَكَذَّبُوا عَبْدَنَا وَ قَالُوا مَجْنُونٌ وَّ
ازْدُجِرَ ۝٩

ইহাদের পূর্বে নূহের সম্প্রদায় অস্বিকার করিয়াছিল-অস্বিকার করিয়াছিল আমার বান্দাকে আর বলিয়াছিল, ' এ তো এক পাগল।' আর তাহাকে ভীতি প্রদর্শন করা হইয়াছিল। (সূরা আল-ক্বামার ৫৪:৯)

فَدَعَا رَبَّهٗۤ اَنِّیْ مَغْلُوْبٌ فَانْتَصِرْ ۝١٠

তখন সে তাহার প্রতিপালককে আহ্বান করিয়া বলিয়াছিল, আমি তো অসহায়, অতএব তুমি প্রতিবিধান কর, (সূরা আল-ক্বামার ৫৪:১০)

فَفَتَحْنَاۤ اَبْوَابَ السَّمَآءِ بِمَآءٍ مُّنْهَمِرٍ ۝١١

ফলে আমি উন্মুক্ত করিয়া দিলাম আকাশের দ্বার প্রবল বাড়ি বর্ষণ। (সূরা আল-ক্বামার ৫৪:১১)

<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u> <u>সূরা নূহ ৭১:২৬ থেকে ২৮</u>

৫. নূহ বলেছিল, আমার প্রভু! এদেশে কাফিরদের কোনো ঘরবাসীকে তুমি ছেড়ে দিও না।

নূহ আরও বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক ! পৃথিবীতে কাফীরগণের মধ্য হইতে কোনো গৃহবাসীকে অব্যাহতি দিও না।' (সূরা নূহ ৭১:২৬)

তুমি উহাদেরকে অব্যাহতি দিলে উহারা তোমার বান্দাদেরকে পথভ্রষ্ট করিবে এবং জন্ম দিতে থাকিবে কেবল দুস্কৃতিকারী ও কাফির। (সূরা নূহ ৭১:২৭)

হে আমার প্রতিপালক! তুমি ক্ষমা করো আমাকে, আমার পিতামাতাকে এবং যাহারা মু'মিন হইয়া আমার গৃহে প্রবেশ করে তাহাদেরকে এবং মু'মিন পুরুষ ও মু'মিন নারীদেরকে; আর যালিমদের শুধু ধ্বংসই বৃদ্ধি করো। (সূরা নূহ ৭১:২৮)

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা হযরত নূহ (আ:) ৯৫০ বছর বেঁচেছিলেন। তার জীবনে পুরো সময়টাই কওমকে সতর্ক করেছিলেন। মুষ্টিমেয় লোক ছাড়া কেউ আল্লাহ রাসূল ও আখেরাতের প্রতি ঈমান আনে নি। আল্লাহ মুমিনদের ব্যাতীত পুরো জাতিকে ভয়ংকর প্লাবন দ্বারা নিশ্চিহ্ন করে দিয়েছিলেন। আসুন, আমরা সতর্ক ও সাবধান হয়ে যাই, এক আল্লাহ, রাসূল ও আখেরাতের প্রতি বিশ্বাস স্থাপন করে কুরআন ও সুন্নাহ মোতাবেক দুনিয়ায় জীবন যাপন করি। অন্যথায় COVID-19 এর মত আযাবে আমরা বার বার পতিত হবো। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here http://www.morningbrightness.fi/